

## পরিদর্শন প্রতিবেদন :

গত ১৬.০৭.২০১৯ তারিখ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় বোয়ালখালী, চট্টগ্রাম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা সহকারী ২জন ও ১জন অফিস সহায়ক বোয়ালখালী, চট্টগ্রাম উপস্থিত ছিলেন। বোয়ালখালী, চট্টগ্রাম উপজেলার কার্যক্রমসমূহ নিম্নরূপ:

### ১। জনবল :

অনুমোদিত পদ ৩টি, কর্মরত কর্মকর্তা ১জন, কর্মচারী ১জন, সহকারী কাম কম্পিউটার অপারেটর এর পদটি শূন্য রয়েছে।

**মন্তব্য:** সহকারী কাম কম্পিউটার অপারেটর এর শূন্য পদটি পূরণ হলে দাপ্তরিক কাজে গতি আসবে। ফলে, উক্ত পদে দ্রুত জনবল পদায়নের জন্য মহাপরিচালক, মবিঅ-কে অনুরোধ করা হল।

### ২। সামাজিক নিরাপত্তা কার্যক্রম:


ভিজিডি ভাতা ভোগী ১০০০জন, মাতৃত্বকালীন ভাতা ভোগী ১৪২০জন, ল্যাকটেটিং মাদার ভাতা ভোগী ৪২৫ জন। ভিজিডি প্রশিক্ষণ, মাতৃত্বকালীন প্রশিক্ষণ, ল্যাকটেটিং মাদার প্রশিক্ষণ এবং সচেতনতামূলক উঠান বৈঠক চলমান রয়েছে।

**মন্তব্য:** উপকারভোগীদের মাঝে সচেতনতামূলক প্রশিক্ষণ জোরদার করা এবং ভাতাভোগী নির্বাচন যথাযথভাবে হয়, সে বিষয়টি তদারকি করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রামকে অনুরোধ করা হল।

৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম :	ব্যংকস্থিতি	- ৫,০০,০০০/- টাকা
	মাঠে আদায়যোগ্য (চলমান)	- ২,৫০,০০০/-টাকা
	খেলাপী ঋণ	- ৪১,৪০০/- টাকা

৪। অন্যান্য কার্যক্রম: নিয়মিত নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে বিরোধ মিমাংসা করা হয়। কোর্টের মামলার তদন্ত রিপোর্ট প্রদান করা হয়। আইজিএ প্রকল্প এবং কিশোর-কিশোরী ক্লাব প্রকল্পের কার্যক্রম চলমান।

**মন্তব্য:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম এর কার্যক্রম সন্তোষজনক। প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ, উপকারভোগীদের মাঝে সচেতনতামূলক প্রশিক্ষণ অব্যাহত রাখা এবং ঋণ আদায় কার্যক্রম এর তদারকি জোরদারকরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোয়ালখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হল।

  
(জ্যোতি কুরী)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়